

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
www.heu.gov.bd



স্মারক নম্বর: ৪৫.০৫.০০০০.০০৫.৩৯.০০২.১৯.২৯

তারিখ: ২০ আশ্বিন ১৪২৭

০৫ অক্টোবর ২০২০

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সুশাসন প্রতিষ্ঠা
অনুচ্ছেদের ৫.১ উপানুচ্ছেদ অনুযায়ী উত্তম চর্চার তালিকা প্রেরণ

সূত্র: ৪৫.১৪১.০১৪.০০.০০.০০৪.২০১৫-১৩৪, তারিখ: ১৬ সেপ্টেম্বর, ২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সুশাসন প্রতিষ্ঠা অনুচ্ছেদের ৫.১ উপানুচ্ছেদ অনুযায়ী চাহিত স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের উত্তম চর্চার তালিকা প্রস্তুতপূর্বক পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

৫-১০-২০২০

ড. লায়লা আখতার

উপপরিচালক

ফোন: ৮৮০২৯৫৭০৬৪১

ইমেইল: dd2@heu.gov.bd

উপসচিব

প্রশাসন-৪ শাখা

স্বাস্থ্য সেবা বিভাগ

স্মারক নম্বর: ৪৫.০৫.০০০০.০০৫.৩৯.০০২.১৯.২৯/১

তারিখ: ২০ আশ্বিন ১৪২৭

০৫ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) স্টাটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, মহাপরিচালক এর দপ্তর, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

৫-১০-২০২০

ড. লায়লা আখতার

উপপরিচালক

উত্তম চর্চা সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/√: স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ১৪/২ তোপখানা রোড, ঢাকা

উত্তম চর্চার শিরোনাম: (ক) কমিউনিটি পার্টিসিপেশন মডেল

উত্তম চর্চার বিবরণ: * সীমিত সম্পদের কার্যকর ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের 'কোয়ালিটি ইমপুভমেন্ট সেক্রেটারিয়েট' কমিউনিটি পার্টিসিপেশন মাধ্যমে ১০টি জেলার সদর হাসপাতাল ও ৬টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে মডেল হাসপাতালে রূপান্তরের উদ্যোগ গ্রহণ করেছে।

* 5S-CQI-TQM এপ্রোচের মাধ্যমে মানসম্মত সেবা প্রদানের প্রয়াস গ্রহণ করা হয়েছে।

* এ লক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধি, জেলা প্রশাসন, সমাজের গণ্যমান্য ও সমাজসেবায় উদ্বুদ্ধ ব্যক্তিবর্গ, আইন প্রয়োগকারী সংস্থা, বিএমএ, আইনজীবী সমিতি, প্রেস কর্মী ও এনজিও কর্মী সমন্বয়ে কমিউনিটি সাপোর্ট কমিটি গঠন করা হয়েছে।

* গঠিত কমিটিতে পৌর মেয়র/ উপজেলা চেয়ারম্যানকে সভাপতি ও হাসপাতাল তত্ত্বাবধায়ক/UHFPO কে সদস্য-সচিব করে স্থানীয় পর্যায়ে সমাধানযোগ্য হাসপাতালের বিভিন্ন সমস্যা চিহ্নিত করে উহা সমাধান করা হচ্ছে।

* সাপোর্টের অন্যান্য ক্ষেত্র হচ্ছে, মাতৃ ও শিশু স্বাস্থ্য, আউটডোর। সেবার মান, ল্যাবরেটরী সার্ভিস, ফার্মেসী, ব্লাড ব্যাংক ও স্বাস্থ্য শিক্ষা ইত্যাদি।

ফলাফল: হাসপাতালের পরিষ্কার পরিচ্ছন্নতা ও নিরাপত্তা সেবা জোরদার হয়েছে। স্বাস্থ্য সেবার মানোন্নয়ন ও হাসপাতালের সার্বিক অবস্থার উন্নতি সাধিত হয়েছে।

উত্তম চর্চার শিরোনাম: (খ) নিয়মিত সভা অনুষ্ঠান

উত্তম চর্চার বিবরণ: * স্বাস্থ্য অর্থনীতি ইউনিটে মাসিক সমন্বয় সভা ও কম্পোনেন্টভিত্তিক কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় নিয়মিতভাবে সভা অনুষ্ঠিত হয়। এতে সংশ্লিষ্ট সকলের মতামত ও পরামর্শের ভিত্তিতে টিম ওয়ার্কের মাধ্যমে কার্যক্রমের সহজ ও সফল বাস্তবায়ন সম্ভব হয়। এছাড়া APA, শুদ্ধাচার ও ইনোভেশন সংক্রান্ত সভা নিয়মিত ভাবে অনুষ্ঠিত হয়।

ফলাফল: অধিকতর আন্তঃসমন্বয় ও কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক হচ্ছে।

উত্তম চর্চার শিরোনাম: (গ) যথাসময়ে অফিসে উপস্থিতি/ অবস্থান নিশ্চিতকরণ

উত্তম চর্চার বিবরণ: * কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত ও যথাসময়ে অফিসে উপস্থিতি/অবস্থান, ব্যক্তিগত প্রয়োজনে অফিসে অনুপস্থিতির ক্ষেত্রে পূর্বে ছুটি গ্রহণ ও অফিস চলাকালীন ব্যক্তিগত কাজে অফিস ত্যাগের অনুমতি গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে।

ফলাফল: দাপ্তরিক শৃঙ্খলা কর্মপরিবেশের উন্নতি হয়েছে।

স্বাক্ষর

A

উত্তম চর্চার শিরোনাম: (ঘ) কর্মপরিবেশ উন্নয়ন

উত্তম চর্চার বিবরণ:

- ক) দর্শনার্থীদের জন্য সুপেয় পানির ব্যবস্থাসহ বসার ব্যবস্থা করণ;
- খ) দর্শনীয় স্থানে নৈতিকতার বাণী স্থাপন;
- গ) পরিষ্কার-পরিচ্ছন্নতা জোরদারকরণ;
- ঘ) সম্মেলন কক্ষে তিনটি মনিটরসহ প্রজেক্টর স্থাপন ও আধুনিকায়ন;
- ঙ) লাইব্রেরী স্থাপন ও বঙ্গবন্ধু কর্ণার স্থাপন;

ফলাফল: কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে কর্মস্পৃহা বৃদ্ধি।

উত্তম চর্চার শিরোনাম: (ঙ) কোভিড মোকাবেলা

উত্তম চর্চার বিবরণ:

- ক) সচেতনতামূলক সভা অনুষ্ঠান;
- খ) কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে প্রতিরোধী সুরক্ষা সামগ্রী বিতরণ।

ফলাফল: সংক্রমণ সীমিত।

Atkhle

০৫/১০/২০২০

ড. লায়লা আখতার
উপপরিচালক (উপসচিব)
রাস্থ্য অর্থনীতি ইউনিট
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়